গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা
www.netrokonasadar.netrokona.gov.bd

বিষয় : আগস্ট/২০২৫ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী
সভাপতি : জনাব আসমা বিনতে রফিক, উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা

ও

সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি।

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার তারিখ : ১৪.০৮.২০২৫ খ্রি.
সময় : সকাল: ১০.০০ টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর : হাজিরা খাতায় সংরক্ষিত

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোনো প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি কর্তৃক আইন-শৃঙ্খলা কমিটির সকল সদস্যকে প্রতিটি সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। পরবর্তীতে উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতির উপর আলোচনার জন্য সকলের প্রতি অনুরোধ জানানো হয়। অতঃপর উপজেলার সার্বিক আইন শৃঙ্খলার উপর আলোচনাক্রমে নিম্নবর্ণিত সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

<table>
<tr><th>ক্র. ন</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১.</td><td>সভাপতি আলোচনার শুরুতেই সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন যে, নেত্রকোণা সদর উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল অবস্থায় আছে। এখানে গত মাসে বড় ধরনের কোনো দুর্ঘটনা ঘটেনি। তবুও তিনি আইন শৃঙ্খলার সার্বিক বিষয়াদি বিশ্লেষণের জন্য অফিসার ইনচার্জ নেত্রকোণা সদর মডেল থানাকে অনুরোধ জানান। অফিসার ইন-চার্জ, নেত্রকোণা সদর মডেল থানা জানান জুলাই/২০২৫ মাসে নেত্রকোণা মডেল থানায় নিম্নরূপ মামলা দায়ের করা হয়েছে :
<table>
<tr><th>সিধেল চুরি/ চুরি</th><th>নারী ও শিশু নির্যাতন</th><th>খুন</th><th>চোরা চালান</th><th>মাদক</th><th>ধর্ষণ</th><th>গরু চুরি</th><th>অন্যান্য</th><th>মোট</th></tr>
<tr><td>২</td><td>৪</td><td>-</td><td>১</td><td>১৪</td><td>২</td><td>-</td><td>২৩</td><td>৪৬</td></tr>
</table>
তিনি জুয়া, মাদক, চুরি ও সামাজিকভাবে আইন-শৃঙ্খলার অবনতি হয় এমন বিষয়ে তথ্য দিয়ে পুলিশকে সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ জানান। তিনি আরও জানান যে, বিভিন্ন প্রকার অপরাধ রোধে পুলিশি টহল ও বিট পুলিশিং কার্যক্রম জোরদার করা হয়েছে। সারা দেশের তুলনায় নেত্রকোণা সদর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার জুয়া, মাদক, চুরি ও অন্যান্য অপরাধ রোধে ওয়ার্ড পর্যায়ে স্বেচ্ছাসেবক কমিটি গঠন করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়াও সভাপতি এলাকার চিহ্নিত চোরদের তথ্য থানায় দেওয়ার জন্য সকলকে অনুরোধ জানান।</td><td>(ক) পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করতে হবে।<br>(খ) চিহ্নিত মাদকসেবী ও মাদক কারবারীদের আইনের আওতায় নিয়ে আসতে হবে।</td><td>অফিসার ইনচার্জ, নেত্রকোণা সদর মডেল থানা।</td></tr>
<tr><td>২.</td><td>প্যানেল চেয়ারম্যান, মৌগাতী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল অবস্থায় রয়েছে। তিনি তার ইউনিয়নের সার্বিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>পুলিশি টহল ও বিট পুলিশিং কার্যক্রম জোরদার করতে হবে।</td><td>অফিসার ইনচার্জ নেত্রকোণা সদর মডেল থানা।</td></tr>
<tr><td>৩.</td><td>চেয়ারম্যান, রৌহা ইউপি জানান আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। তবে চল্লিশা বাজার হতে বাইপাস রাস্তায় রাতের বেলায় অটো চুরি হয়। এদিকে দৃষ্টি দেওয়ার জন্য অফিসার ইন-চার্জকে অনুরোধ জানান।</td><td>পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করতে হবে।</td><td></td></tr>
<tr><td>৪.</td><td>উপজেলা কো-অর্ডিনেটর, গ্রাম আদালত, নেত্রকোণা জানান যে, নেত্রকোণা জেলায় গ্রাম আদালতের সুফল সম্পর্কে সাধারণ জনগণ অবগত নয়। তিনি গ্রাম আদালতের আওতায় নিষ্পত্তিযোগ্য মামলা থানায় না নিয়ে সংশ্লিষ্ট ইউনিয়নের গ্রাম আদালতে প্রেরণ করার জন্য অফিসার ইনচার্জ, নেত্রকোণা সদর মডেল থানাকে অনুরোধ জানান। তিনি জুলাই/২০২৫ মাসের গ্রাম আদালতে দায়েরকৃত মামলার তথ্য</td><td>(ক) সকল ইউনিয়নে গ্রাম আদালত কার্যক্রম নিয়মিত চালু রাখতে হবে।<br>(খ) প্রতি মাসে সভায় গ্রাম আদালতে নিষ্পত্তিকৃত মামলার তথ্য উপস্থাপন</td><td>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)</td></tr>
</table>

CamScanner

<table>
<tr><th>ক্র. ন</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td>নিম্নরূপভাবে উপস্থাপন করেন।
<table>
<tr><th>পূর্ববর্তী মাসের মামলার জের</th><th>বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা</th><th>মোট মামলার সংখ্যা</th><th>নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা</th><th>অনিষ্পন্ন মামলার সংখ্যা</th></tr>
<tr><td>০৭</td><td>৪১</td><td>৪৮</td><td>৪১</td><td>০৭</td></tr>
</table></td><td>করতে হবে।<br>(গ) হাটবাজার ও প্রকাশ্যে জনবহুল স্থানে গ্রাম আদালতের কার্যক্রম সম্পর্কে প্রচার-প্রচারণা করতে হবে।</td><td></td></tr>
<tr><td>৫.</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বাল্যবিবাহ বন্ধে সকল ইউপি চেয়ারম্যানের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান যে, বাল্যবিবাহের কুফল ও নারী-শিশু নির্যাতন বন্ধে কিশোর কিশোরী ক্লাবে আলোচনা করা হয়।<br><br>উপজেলা নির্বাহী অফিসার জানান বাল্য বিবাহ বেড়ে গেছে। বাল্য বিবাহ বন্ধে নিয়মিত উঠান বৈঠক করতে হবে এবং স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করতে হবে।</td><td>বাল্যবিবাহ বন্ধে প্রতিমাসে ইউনিয়ন পরিষদ/জনবহুল স্থানে কমপক্ষে ০২টি সচেতনতামূলক উঠান বৈঠক করতে হবে।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td></tr>
<tr><td>৬.</td><td>সভাপতি নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলন রোধে পুলিশী টহল বৃদ্ধিসহ নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে আলোকপাত করেন। অবৈধ বালু উত্তোলন রোধে তিনি স্থানীয় জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>বালু উত্তোলন বন্ধে পুলিশী টহল বৃদ্ধি, চেকপোস্ট স্থাপন এবং নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সহকারী কমিশনার (ভূমি), অফিসার ইনচার্জ, নেত্রকোণা সদর মডেল থানা</td></tr>
</table>

সভাপতি ইউনিয়ন পর্যায়ে স্বেচ্ছাসেবক কমিটি গঠন করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি মাদক, জুয়া, ষাঁড়ের লড়াই ও কারেন্ট জালের মাধ্যমে মাছ ধরার সংবাদ পাওয়া গেলে মোবাইল কোর্টের মাধ্যমে তা নিয়ন্ত্রণে আনার প্রত্যয় ব্যক্ত করেন। তিনি মাদক, ইভটিজিং ও কিশোর গ্যাং এর সাথে জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জকে অনুরোধ জানান। এছাড়াও তিনি গ্রাম আদালত সক্রিয়করণের মাধ্যমে ইউনিয়নের বিভিন্ন সমস্যা সমাধানের উপর গুরুত্বারোপ করেন। তিনি ইউনিয়ন পর্যায়ে আইন-শৃঙ্খলা কমিটির সভা করে কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যান/প্রশাসক-কে অনুরোধ জানান।

অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৪/০৮/২৫
(আসমা বিনতে রফিক)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি

স্মারক নম্বর : ০৫.৪৫.৭২৭৪.০০০.১৮.০০১.১৯- ৭৬০(৩)

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২ / ১৪ আগস্ট ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:
১. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।

অনুলিপি কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. সহকারী কমিশনার (ভূমি), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
২. অধ্যক্ষ/প্রধান শিক্ষক........................................কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৩. উপজেলা ........................................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৪. অফিসার ইন-চার্জ, নেত্রকোণা সদর মডেল থানা, নেত্রকোণা।
৫. চেয়ারম্যান/প্রশাসক ........................................, ইউনিয়ন পরিষদ (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা।

১৪/০৮/২৫
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা